



নতুন ধরনের উদ্ভিদ

আমাদের সম্মুখ

০৫-০৮-২০২৩, অনলাইন

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে কনফারেন্সে ড. হাছান মাহমুদ



ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ইনফরমেশন স্টাডিজ বিভাগ তিন দিনব্যাপী 'ইনফরমেশন এন্ড নলেজ ম্যানেজম্যান্ট' শীর্ষক আন্তর্জাতিক সম্মেলনের আয়োজন করেছে। সম্মেলনে বাংলাদেশসহ ১১টি দেশের প্রায় ৩০০ জন অংশগ্রহণ করেন।

গতকাল শুক্রবার সন্ধ্যায় সম্মেলনের প্রধান অধিবেশন বিশ্ববিদ্যালয়ের মঞ্জুর এলাহী অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন, তথ্য ও সম্প্রচার মন্ত্রী ড. হাছান মাহমুদ, এমপি।

ড. হাছান মাহমুদ তার বক্তব্যে বলেন, দেশে অবাধ ও স্বাধীন তথ্য প্রবাহে সরকার কোন ধরনের বাধার সৃষ্টি করে না। কিন্তু গণমাধ্যম কতটা দায়িত্বশীল আচরণ করে তা প্রশ্ন সাপেক্ষ। একইসঙ্গে তিনি সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারে সতর্ক থাকার আহ্বান জানান।

তার মতে, এসব মাধ্যমে প্রচুর গুজব ও ভুয়া খবর ছড়ানো হয়। তাই, কোনটা সত্য সেটা বের করার জন্য জনসাধারণের 'মিডিয়া ও ইনফরমেশন লিটারেসি' দরকার বলে তিনি উল্লেখ করেন।

অধিবেশনে সভাপতিত্ব করেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. এম জিয়াউলহক মামুন। মূল প্রবন্ধ উপস্থাপন করেন অস্ট্রেলিয়ার মোনাশ ইউনিভার্সিটির অধ্যাপক, গিলিয়ান অলিতার। এছাড়া স্বাগত বক্তব্য রাখেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ইনফরমেশন স্টাডিজ বিভাগের চেয়ারপারসন, ড. দিলারা বেগম।